# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 17.07.2024 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) দক্ষিণ ২৪ পরগনার ঢোলা হাটে পুলিশী লক আপে মারধোরের পর অসুস্থ যুবকের মৃত্যুর ঘটনার তদন্তের দায়িত্ব নিয়েছে সি আই ডি।

২) রাজ্যপাল সি ভি আনন্দ বোস সম্পর্কে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, অমার্যদাকর কোনো মন্তব্য করতে পারবেন না বলে অন্তর্বর্তী নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৩) সাম্প্রতিক উপ-নির্বাচনে জয়ী চার বিধায়কের শপথ গ্রহণের জন্য পরিষদীয় দফতর রাজভবনে চিঠি পাঠিয়েছে।

সাম্প্রতিক উপ-নির্বাচনে যারা ভোট দিতে পারেনি, বিজেপি তাদের নিয়ে রাষ্ট্রপতির সঙ্গে দেখা করার আর্জি জানিয়েছে।

৪) ২১-শে জুলাইয়ের অনুষ্ঠানের জন্য সংসদে বাজেট অধিবেশনের আগে রবিবারের সর্বদলীয় বৈঠকে তৃণমূল কংগ্রেস যোগ দিতে পারবে না বলে জানিয়েছে।

৫) আজ মহরম। শোকের আবহে দিনটি পালিত হচ্ছে ।

৬) আজ থেকে টানা তিনদিন দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুরের সব মৎস্যজীবীদের সমুদ্রে যাওয়ার ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

oooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার ঢোলা হাটে পুলিশী লক আপে মারধোরের পর অসুস্থ যুবকের মৃত্যুর ঘটনার তদন্তরে দায়িত্ব নিয়েছে সি আই ডি। গতকাল তারা রাজ্য পুলিশের কাছ থেকে এই তদন্তভার হাতে নেয়।

এই ঘটনায় ঢোলাহাট থানার সাব ইন্সপেক্টর রাজদীপ সরকার ও আই সি মানস চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে মৃত যুবকের পরিবার অভিযোগ দায়ের করেছিলেন। সেই অভিযোগের তদন্ত করবে সিআইডি। ইতিমধ্যে সুন্দরবন পুলিশ জেলার তদন্তকারী অফিসারের থেকে সমস্ত নথিপত্র সংগ্রহ শুরু করেছে সিআইডির তদন্তকারী দল।

উল্লেখ্য, ঘাটবকুলতলা গ্রামের বাসিন্দা ২২ বছরের আবু সিদ্দিক হালদারকে চুরির অভিযোগে পয়লা জুলাই রাতে আটক করে ঢোলাহাট থানার পুলিশ। তিন দিন পর ৪ জুলাই চুরির অভিযোগে কাকদ্বীপ মহকুমা আদালতে পেশ করা হয় তাকে। ওইদিন জামিন পাওয়ার পর গুরুতর অসুস্থ হয়ে পড়েন আবু।

একাধিক সরকারি হাসপাতালে ঘোরার পর ৮ জুলাই কলকাতার পার্কসার্কাসের একটি নার্সিমহোমে তাঁকে ভর্তি করা হয়। সেখানেই ওইদিন রাতে তাঁর মৃত্যু হয় । থানা লক আপে সিদ্দিককে দফায় দফায় মারধর করার অভিযোগে ঢোলাহাট থানায় বিক্ষোভ চলে টানা দু'দিন। এরই মধ্যে তাঁর পরিবার কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়। বিচারপতি অমৃতা সিনহা দেহ দ্বিতীয়বার ময়নাতদন্তের নির্দেশ দেন। ১৩ জুলাই কবর থেকে দেহ তুলে দ্বিতীয়বার ময়নাতদন্ত হয়।

oooooooooooooooooooooo

কেউ নিজের হাতে আইন তুলে নিতে চাইলে তার বিরুদ্ধে কঠোর পদক্ষেপ করা হবে। সেক্ষেত্রে রাজনীতির কোনো রং দেখা হবে না। রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার গতকাল নবান্নে এই বার্তা দিয়েছেন।

একইসঙ্গে কোনও ধরনের অপ্রীতিকর পরিস্থিতি তৈরি হলে সঙ্গে সঙ্গে পুলিশকে তা জানানোর পরামর্শ দিয়েছেন তিনি। সম্প্রতি রাজ্যে একাধিক গণপিটুনির ঘটনা ঘটেছে। পরিস্থিতির জন্য অনেকে পুলিশি নিষ্ক্রিয়তাকেও দায়ী করেছিলেন। এ ব্যাপারে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজীব কুমার বলেন, পুলিশ পরিস্থিতির উপর নজর রাখছে। কোথাও কোনও সমস্যা হলে নিজেরা আইন হাতে তুলে না নিয়ে পুলিশকে জানাতে বলেন রাজীব কুমার।

oooooooooooooooooooooo

রাজ্যপাল সি ভি আনন্দ বোস সম্পর্কে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অমর্যাদাকর কোনো মন্তব্য করতে পারবেন না বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। এক অন্তর্বর্তী নির্দেশে মুখ্যমন্ত্রী ছাড়াও তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ এবং ঐ দলের দুই বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় ও রেয়াত হোসেন সরকারকে রাজ্যপালের পক্ষে অসম্মানজনক মন্তব্য করা থেকে বিরত থাকার নির্দেশ দেন বিচারপতি কৃষ্ণা রাও।

দুই বিধায়কের শপথ গ্রহণ নিয়ে মন্তব্যের জন্য মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আদালতে মানহানির মামলা করেছিলেন রাজ্যপাল। সেই মামলাতেই গতকাল এই অন্তর্বর্তী নির্দেশ দেওয়া হয়। হাইকোর্টের এই নির্দেশকে স্বাগত জানিয়েছেন রাজ্যপাল –

(বাইট – রাজ্যপাল)

০০০০০০০০০০০০০০০০০০০০০

সাম্প্রতিক উপ-নির্বাচনে জয়ী চার বিধায়কের শপথ গ্রহণের জন্য পরিষদীয় দফতর রাজভবনে চিঠি পাঠিয়েছে। রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেছেন, শপথ গ্রহণের বিষয়ে রাজ্যপাল কি পদক্ষেপ নেবেন, তা নির্ভর করছে তাঁর ওপরেই। তবে, শপথগ্রহণ নিয়ে বিধানসভা আর দেরি করবে না। আগামী সোমবার ২২-শে জুলাই শুরু হচ্ছে বিধানসভার অধিবেশন। রাজভবনের পক্ষ থেকে শপথগ্রহণের জন্য কোন উদ্যোগ না নেওয়া হলে, চার বিধানসভা কেন্দ্রে সাম্প্রতিক উপ-নির্বাচনী জয়ী সদস্যদের বিধানসভাতেই শপথগ্রহণ করানো হবে বলে অধ্যক্ষ আগেই ইঙ্গিত দেন।

উল্লেখ্য, সার্টিফিকেট পাওয়ার এক মাস পর বারনগরের বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় ও ভগবানগোলার বিধায়ক রেয়াত হোসেন সরকার শপথ গ্রহণ করেন।

এই নিয়ে রাজভবন ও রাজ্য সরকারের মধ্যে দীর্ঘ টানা পোড়েন চলে।

০০০০০০০০০০০০০০০০০০০০

চার বিধানসভা কেন্দ্রের সাম্প্রতিক উপ নির্বাচনে যারা ভোট দিতে পারেনি, বিজেপি তাদের নিয়ে রাষ্ট্রপতির সঙ্গে দেখা করার জন্য আর্জি জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। ওই উপ-নির্বাচনে একটা বড় অংশের মানুষ ভোট দিতে পারেননি। এরকম ১-শো জনকে নিয়ে গতকাল রাজভবনে, রাজ্যপালের সঙ্গে দেখা করেন। পরে সাংবাদিকদের তিনি বলেন ।

(বাইট – শুভেন্দু)

পাশাপাশি জাতীয় নির্বাচন কমিশনেও এই ভোটদাতাদের নিয়ে দেখা করার জন্যও তিনি চিঠি দিয়েছেন বলে বিরোধী দলনেতা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সংসদের বাজেট অধিবেশনের আগে রবিবার সর্বদলীয় বৈঠক ডেকেছে সরকার। বৈঠকে সংসদের উভয় কক্ষের কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সব রাজনৈতিক দলের সহযোগিতা চাওয়া হবে।  চলতি মাসের ২২ তারিখ থেকে আগামী মাসের ১২ তারিখ পর্যন্ত বাজেট অধিবেশন চলবে। বাজেট পেশ করা হবে ২৩ জুলাই। নরেন্দ্র মোদী সরকারের তৃতীয় মেয়াদে এটাই হবে প্রথম বাজেট।

০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে,  আগামী রবিবার কলকাতায় একুশে জুলাইয়ের অনুষ্ঠানে ব্যস্ত থাকার  জন্য নতুন দিল্লিতে সর্বদলীয় বৈঠকে তৃণমূল কংগ্রেস সাংসদরা উপস্থিত থাকতে পারবেন না বলে দল জানিয়ে দিয়েছে। রাজ্যসভায় তৃণমূল নেতা ডেরেক ও ব্রায়ান, সংসদ বিষয়ক মন্ত্রী কিরণ রিজিজুকে চিঠি দিয়ে একথা জানিয়েছেন বলে দলীয় সূত্রে জান গেছে। চিঠিতে তিনি একুশে জুলাই তারিখটির ঐতিহাসিক গুরুত্বও ব্যাখ্যা করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

আজ মহরম। ইসলামী বর্ষপঞ্জীর পবিত্র প্রথম মাসের দশম এই দিনে পালিত হবে মহরম। আশুরার এই দিনটিতে ইসলাম ধর্মাবলম্বীরা, কারবালা মরু প্রান্তরে অত্যাচারী এজিদের বাহিনীর হাতে পয়গম্বর হজরত মহম্মদের দৌহিত্র ইমাম হোসেনের সপরিবার শহীদ হওয়াকে  স্মরণ করে শোক পালন করেন । কালো পোশাকে তাজিয়া দুলদুল নিয়ে মিছিল করে ‘হায় হাসান , হায় হুসেন’ বিলাপ করতে করতে তাঁরা শামিল হন নকল কারবালার প্রতীকী যুদ্ধে।

শোকের এই দিবস পালন নির্বিঘ্ন রাখতে সবরকম ব্যবস্থা নেওয়া হয়েছে।

রাজ্য পুলিশ প্রশাসন সুষ্ঠু ভাবে মহরম পালন ও নিরাপত্তা রক্ষায় বিশেষ উদ্যগ নিয়েছে। কলকাতা ও সংলংগ্ন এলাকায় আজ বেশ কয়েকটি মহরমের মিছিল বেরোনোর কথা। এ জন্যে শহর জুড়ে থাকছে একাধিক পুলিশ পিকেট । পুলিশের টহলদারি গাড়িও শহরজুড়ে নজরদারি চালাবে।

এদিকে, মহরমের প্রাক্কালে , মুর্শিদাবাদের সুতিতে লাঠি খেলা দেখতে গিয়ে তরোয়ালের হাতল খুলে লোহার অংশ পেটে ঢুকে এক বালকের মৃত্যু হয়েছে। ওয়াসিকুল শেখ নামে ১০ বছরের ওই ছেলেটির বাড়ি সামসেরগঞ্জ থানার দুর্গাপুর গ্রামে। এই ঘটনায় এনামূল শেখ নামে বছর ৫০-এর আর এক ব্যক্তি আহত হয়েছেন। পুলিশ সূত্রে জানা গেছে জকতাই অধিকারী পাড়া এলাকায় গতকাল মহরমের লাঠি খেলা চলছিল। ওয়াসিকুল, এনামূল সহ আরও কয়েকজন রাস্তার ধারে দাঁড়িয়ে খেলা দেখছিল। সেই সময় হঠাৎ-ই একজনের হাত থেকে তরোয়ালের হাতল খুলে যায়। লোহার অংশটি ছিটকে বেরিয়ে লাগে এনামূলের হাতে, তারপর ওয়াসিকুলের পেটে ঢুকে যায়। রক্তাক্ত অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই মৃত্যু হয় ১০ বছরের ওই বালকের। ঘটনার তদন্ত চলছে।

oooooooooooooooooooooo

রাজ্য সরকার আজ থেকে টানা তিন দিন অর্থ্যাৎ ১৯ জুলাই পর্যন্ত দক্ষিণ ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুরের সব মৎস্যজীবীকে সমুদ্রে যাওয়ার ওপরে নিষেধাজ্ঞা আরোপ করেছে। এই তিন দিন প্রতিরক্ষা গবেষণা উন্নয়ন পর্ষদ -ডিআরডিও, এ রাজ্যের জুনপুট থেকে ক্ষেপণাস্ত্র মহড়া দেবে। আকাশপথে চলবে এই মহড়া। এর ফলে যে কোন সময় দুর্ঘটনার

আশঙ্কা থাকে। সে কারনেই এই নিষেধাজ্ঞা বলে জানা গেছে। এই মহড়ার জন্য প্রতিবেশি রাজ্য ওড়িশা উপকূলেও সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে রাজ্য সরকারের মৎস্য দপ্তরের পক্ষ থেকে দক্ষিণ ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসনের কাছে এই নির্দেশনামা পৌঁছনর পরে সরকারিভাবে সব মৎস্যজীবী সংগঠনকে তা জানিয়ে দেওয়া হয়েছে। এখন ইলিশ ধরার ভরা মরসুম চলছে। তারই মধ্যে এই নির্দেশ পেয়ে সামুদ্রিক ট্রলার ফিরে এসেছে ঘাটগুলিতে। নতুন করে কেউ রওনা দেবে না এই তিন দিন।

উল্লেখ্য, পরের দফায় ২৪ থেকে ২৬ জুলাই এই মহড়া চলবে। ওই তিন দিনও সামুদ্রিক মাছ ধরা বন্ধ রাখতে হবে বলে জানা গেছে।

oooooooooooooooooooo

আজ পয়লা শ্রাবণ। এই উপলক্ষে হুগলীর তারকেশ্বরে আজই সূচনা হচ্ছে শ্রাবণী মেলার।

এই শ্রাবণী মেলা উপলক্ষে দেশ বিদেশের বহু ভক্ত ও পুণ্যার্থী রাজ্যের নানা প্রান্ত থেকে এসে তারকেশ্বর এর মন্দিরে বাবা তারক নাথের পুজো দেবেন। মহাদেবের আশীর্বাদ কামনায় তাঁরা বাঁক কাঁধে করে পায়ে হেঁটে গিয়ে নদী থেকে জল তুলে নিয়ে মহাদেবের মাথায় ঢেলে পুজো দেবেন।

অন্য বারের মতো এবারও শ্রাবণী মেলা উপলক্ষে গোটা শ্রাবণ মাস জুড়ে তারকেশ্বর শিব মন্দিরে লক্ষাধিক ভক্ত সমাগম হবে বলে মনে করা হচ্ছে।

শ্রাবণী মেলা উপলক্ষে ভক্ত ও পুণ্যার্থীদের সুবিধার্থে ,ভিড় সামাল দিতে অতিরিক্ত স্পেশাল ট্রেন চালানো হবে বলে পূর্ব রেলের তরফ থেকে জানানো হয়েছে

oooooooooooooooooooo

সোশ্যাল মিডিয়ায় জমির বিজ্ঞাপন দিয়ে প্রতারণা চক্রের মূল পান্ডা সহ চারজনকে গ্রেপ্তার করেছে উত্তর ২৪ পরগণার অশোকনগর থানার পুলিশ। হালিশহরের এক ব্যক্তির কাছ থেকে ৭ লক্ষ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগের তদন্তে নেমে ঐ চারজনকে গ্রেপ্তার করা হয়। মূল পান্ডা ফারুক হোসেনের বাড়ি হাবড়ার নারায়ণকাঠি এলাকায়। তার তিন শাগরেদ, দেবব্রত দাস, ইব্রাহিম মন্ডল ও জুলফিকার মন্ডল হরিণঘাটা, আমডাঙা ও গাইঘাটার বাসিন্দা। তাদের কাছ থেকে উদ্ধার হয়েছে তিন লক্ষ টাকার বেশি।

oooooooooooooooooooo

পঞ্চায়েত অফিসে সাধারণ সভা চলাকালীন টেন্ডার নিয়ে আইএসএফ ও তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য ও কর্মীদের মধ্যে হাতাহাতিতে উত্তপ্ত হল উত্তর ২৪ পরগণার দেগঙ্গার সোহাই শ্বেতপুর গ্রাম পঞ্চায়েত। এই ঘটনায় তৃণমূল কংগ্রেস ও আইএসএফ একে অপরের বিরুদ্ধে অভিযোগ করেছে। ঐ পঞ্চায়েতের বিরোধী দলনেতা আইএসএফের জাহাঙ্গীর আলমের অভিযোগ, টেন্ডার নিয়ে সাধারণ সভায় পঞ্চায়েত প্রধান স্পষ্ট জানিয়ে দেন, কোনও বিরোধী দলকে কাজ দেওয়া হবে না। এর প্রতিবাদ করতে গেলে তৃণমূলের লোকজন পঞ্চায়েতের মধ্যে তাঁকে বেধড়ক মারধর করে। দলের কর্মী সমর্থকদের ওপর লাঠি, রড, ইট নিয়ে হামলা চালানো হয়। এতে আহত হন দুই আইএসএফ কর্মী। তাদের মধ্যে একজনকে বারাসাত জেলা হাসপাতালে ভর্তি করা হয়।

দেগঙ্গা থানার পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। যাবতীয় অভিযোগ অস্বীকার করে অঞ্চল সভাপতি রিঙ্কু সাহাজি বলেছেন, সব পঞ্চায়েত সদস্যকে একসঙ্গে কাজ দেওয়া সম্ভব নয়। ধাপে ধাপে সবাই কাজ পাবেন। কিন্তু আইএসএফের পঞ্চায়েত সদস্য লোকজন জোগাড় করে পঞ্চায়েত অফিসের মধ্যে ভাঙচুর চালান বলে অভিযোগ করেন তিনি।

oooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে গত সন্ধ্যায় বইকের ধাক্কায় সপ্তম শ্রেণীর এক ছাত্রীর মৃত্যুর ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। স্কুল ছুটির পর বাড়ি ফেরার সময় বেল পুকুর মাঠের কাছে একটি বাইক নিয়ন্ত্রণ হারিয়ে ওই মেয়েটিকে ধাক্কা মারে । ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এরপর উত্তেজিত জনতা রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকেন। বাইক চালককেও তারা মারধোর করে বলে অভিযোগ। পুলিশ এসে তাকে উদ্ধার করতে গেলে জনতা – পুলিশ খন্ডযুদ্ধ বেধে যায়। উত্তেজিত জনতাকে ছত্রভঙ্গ করতে পুলিশ লাঠি চার্জ  ও কয়েক রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। আহত বাইক চালককে ভর্তি করা হয়েছে হাসপাতালে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo

ooooooooooooooooooo

oooooooooooooooooo